প্রথম আলো

তারিখ 04 APR 2016
পৃষ্ঠা ৭ ২ কলাম ৫

# ঢাবির এআইএসের শিক্ষার্থীরা সিএতে সুবিধা পাবেন

ঢাকা বিশ্ববিদ্যালয়ের, (ঢাবি) অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেম (এআইএস) বিভাগের শিক্ষার্থীরা দ্য ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশে (আইসিএবি) চার্টার্ড অ্যাকাউন্টিংয়ে ভর্তির ক্ষেত্রে বিশেষ সুযোগ পাবেন। এ ব্যাপারে শিগগিরই ঢাবি ও আইসিএবির মধ্যে একটি সমঝোতা স্মারক (এমওইউ) সই হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে গত শনিবার অনুষ্ঠিত 'চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি: ক্যারিয়ার এক্সিলেন্স' শীর্ষক এক আলোচনা সভায় আইসিএবির সভাপতি কামরুল আবেদীন এ তথ্য জানান। এআইএস ও আইসিএবির যৌথভাবে আয়োজিত এ সভায় প্রধান অতিথি ছিলেন আমেরিকান চেম্বার অব কমার্স ইন বাংলাদেশের (অ্যামচেম) সাবেক সভাপতি আফতাব-উল ইসলাম।

এতে আরও উপস্থিত ছিলেন আইসিএবির সহসভাপতি আদিব এইচ খান ও এম এইচ খসরু, পর্ষদ সদস্য এম ফরহাদ হোসেন ও মোস্তফা কামাল, ঢাবির অধ্যাপক মাহফুজুল হক ও মিজানুর রহমান এবং স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংকের প্রধান অর্থ কর্মকর্তা (সিএফও) মোহাম্মদ মহিউদ্দীন আহমেদ, মেট লাইফ আলিকোর সিএফও আবদুল কাদের জোয়ারদার। বিজ্ঞপ্তি।